# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয় কোড : | ১ | ৫ | ০ |

সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট; মান: ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.▶ ১৯৬৬ সালে লাহোরে অনুষ্ঠিত বিরোধীদলসমূহের এক সম্মেলনে যোগদান করে আওয়ামী লীগের পক্ষ থেকে শেখ মুজিবুর রহমান একটি কর্মসূচি পেশ করেন। পশ্চিম পাকিস্তান কর্তৃক পূর্ব পাকিস্তানকে শোষণের বিরুদ্ধে এ কর্মসূচিটি ছিল তীব্র প্রতিবাদ আর বাঙালির অধিকার আদায়ের সনদ।

ক. ভারতের সঙ্গে পাকিস্তানের যুদ্ধ শুরু হয় কবে? ১

খ. মৌলিক গণতন্ত্র ব্যবস্থাটি কী ছিল তার ব্যাখ্যা দাও। ২

গ. উদ্দীপকে যে কর্মসূচিটির কথা বলা হয়েছে তার বর্ণনা দাও। ৩

ঘ. উক্ত কর্মসূচির গুরুত্ব ও তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

২.▶ সাইদ দশম শ্রেণির ছাত্র। সে নিয়মিত বিদ্যালয়ে যায়। বিভিন্ন বিষয়ে দুর্বল ছাত্রদের সে সহযোগিতা করে। সে শিক্ষক ও গুরুজনদের শ্রদ্ধা করে। বিদ্যালয়ের ক্রিকেট টিমের সে ক্যাপ্টেন। তার শৃঙ্খলাবদ্ধ আচরণ সবাইকে মুগ্ধ করে।

ক. শিশুর ব্যক্তিত্বের গঠন ও বিকাশে কয়টি উপাদানের প্রভাব লক্ষণীয়? ১

খ. সামাজিকীকরণের উপাদান হিসেবে সমাজ জীবনের ব্যাখ্যা দাও। ২

গ. উদ্দীপকে সাঈদের চরিত্রে সামাজিকীকরণের কোন প্রতিষ্ঠানের প্রভাব লক্ষণীয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সুষ্ঠু সামাজিকীকরণে উক্ত প্রতিষ্ঠানটি যথেষ্ট নয়' উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৩.▶ গত আইপিএল-এ খেলার জন্য সাবিক কলকাতা নাইটরাইডর্স-এর একজন মনোনীত খেলোয়াড় হিসেবে যোগদান করেন। গুরুত্বপূর্ণ শহরগুলোতে এ খেলাগুলো অনুষ্ঠিত হয়ে থাকে। পাঞ্জাব একাদশ বনাম কলকাতা নাইট রাইডার্স এর মধ্যকার ম্যাচটি পাঞ্জাব স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়। সাকিব

http://teachingbd.com

কৌতুহলবশত পাঞ্জাবের দ্রাঘিমা ৭৭°১৫ (পূর্ব) বলে জানতে পারে। আর ঢাকায় দ্রাঘিমা ৯০°২৬ (পূর্ব) এ সম্পর্কে সাকিবের পূর্বেই ধারণা ছিল।

ক. প্রত্যেক স্থানে জোয়ারের কত সময় পর ভাটা হয়। ১

খ. সূর্যকে ঘিরে আবর্তিত চতুর্থ গ্রহটির বৈশিষ্ট্য লেখ। ২

গ. ঢাকায় যখন সকাল ১০টা তখন স্থানীয় সময় কয়টায় পাঞ্জাব স্টেডিয়ামে খেলা শুরু হয়? স্থানীয় সময় নির্ণয় কর। ৩

ঘ. ঢাকা ও পাঞ্জাব শহরের অবস্থান কীভাবে জানা যায়? ব্যাখ্যা কর। ৪

৪.▶ জামিলা বেগম তার বিয়ের সময় লিখিত বিভিন্ন তথ্য জানার জন্য কাবিন নামার কপি আনতে কাজী অফিসে যান। কাজী সাহেব তাকে সহযোগিতা না করে বিভিন্নভাবে হয়রানি করতে থাকেন। নির্দিষ্ট দিনের মধ্যে তথ্য না পাওয়ায় তিনি উপযুক্ত কর্তৃপক্ষের কাছে আপিল করেন। অবশেষে তিনি প্রয়োজনীয় তথ্য পেতে সফলতা লাভ করে।

ক. রাষ্ট্রীয় আয়ের উৎস কী? ১

খ. শিক্ষা বিস্তারে রাষ্ট্র অধিক গুরুত্ব প্রদান করে কেন — ব্যাখ্যা কর। ২

গ. জামিলা বেগম কোন আইনের সহায়তায় তার তথ্য পেলেন — ব্যাখ্যা কর। ৩

ঘ. সুশাসনের ক্ষেত্রে জামিলা বেগমের সফলতা আশাব্যঞ্জক — মূল্যায়ন কর। ৪

৫.▶ সাকিবের বাবা বাংলাদেশের একটি জেলার মধ্যমণি। তিনি বাংলাদেশে সিভিল সার্ভিসের একজন অভিজ্ঞ সদস্য ও প্রশাসনের প্রবীণ কর্মকর্তা। বিভাগীয় কমিশনারের পরেই তাঁর স্থান। তাকে তাঁর কাজের জন্য বিভাগীয় কমিশনারের কাছে দায়ী থাকতে হয়।

ক. বাংলাদেশে কতটি উপজেলা রয়েছে? ১

খ. জাতীয় সংসদের আইন প্রণয়ন ক্ষমতা ব্যাখ্যা কর। ২

গ. সাকিবের বাবার অধিষ্ঠিত পদ সম্পর্কে ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত পদ থেকে সাকিবের বাবাকে কোন ধরনের দায়িত্ব পালন করতে হয়-বিশ্লেষণ কর। ৪

৬.▶ ঢাকার একজন শিল্পপতি এক সভায় বক্তব্য প্রদান করতে গিয়ে বলেন, আমাদের বস্ত্র কারখানায় নিয়োজিত শ্রমিকরা অধিকাংশ গ্রাম থেকে আসে।

Teachingbd.com

শ্রমিকদের বেশির ভাগই মহিলা যাদের মধ্যে ৫৭ ভাগ স্বাক্ষর করতে পারে। তিনি আরো বলেন, গ্রাম থেকে আসা নারী-পুরুষরা কোন কিছু না শিখেই শহরে আসছে যা আমাদের সবাইকে ভাবিয়ে তুলছে।

ক. মাথাপিছু আয় ব্যক্তির কী নির্ধারণ করে? ১

খ. উন্নয়নশীল দেশ বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে শিল্পপতির কথায় বাংলাদেশের অর্থনৈতিক যে প্রতিবন্ধকতার কথা বলা হয়েছে তা বর্ণনা কর। ৩

ঘ. শিল্পপতির বক্তব্যের মাধ্যমে ফুটে ওঠা প্রতিবন্ধকতা দূর করার উপায় নির্দেশ কর। ৪

৭. ▶ নিরাপদ সঞ্চয় ও ভবিষ্যতকে সুখী করতে জনাব রহিম 'খ' প্রতিষ্ঠানে তার বেতনের উদ্বৃতাংশ জমা রাখেন। বিপরীতে জনাব সাহিল একটি আর্থিক প্রতিষ্ঠান থেকে ২ কোটি টাকা ঋণ গ্রহণ করেন এবং শিল্প স্থাপন করেন। সময়ান্তে কর প্রদান করেন। যদিও ভূমিহীন নারী পুরুষ তাকে সহযোগিতাকারী ব্যাংকের আওতাভুক্ত।


ক. 'খ' প্রতিষ্ঠানটি মূলত কি? ১

খ. জনাব সাহিলের আমানতের প্রকৃতি উল্লেখ কর। ২

গ. জনাব সাহিলের মতো আর কোন কোন ক্ষেত্রে সরকার আয় করে থাকে- উল্লেখ কর। ৩


ঘ. আমাদের জীবনযাপন সহজসাধ্য করতে বেসরকারী আর্থিক প্রতিষ্ঠানের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৮. ▶




ছক-ক

http://teachingbd.com




ছক-খ

ক. নগরায়ণ কিসের ফল? ১

খ. সমাজ পরিবর্তনে প্রযুক্তির ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. ছক 'ক' এ নির্দেশকসমূহে যে উপাদানটির প্রভাব রয়েছে সমাজে এর ইতিবাচক দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ. ছক 'খ' এ নির্দেশকসমূহের উপাদানটি একদিকে আশির্বাদ অন্যদিকে অভিশাপ তুমি কি এর সাথে একমত? যুক্তি দাও। ৪

৯. ▶ গণি মিঞা একজন কৃষক। তিনি উন্নত জাতের বীজ, সার ও সেচ ব্যবহার করে কৃষি উৎপাদন বৃদ্ধি করেছেন। এর ফলে তার অর্থনৈতিক স্বচ্ছলতা আসে অর্থনৈতিক স্বচ্ছলতা আসে। তার মেয়ে রিতা উচ্চ শিক্ষা লাভ করে। বর্তমানে রিতা মোবাইল, ই-মেইল, ইন্টারনেট ব্যবহার করে সকলের সাথে সম্পর্ক রক্ষা করে এবং বিশ্বের সেরা পাঠাগার ব্যবহার করে ঘরে বসে প্রয়োজনীয় বই পড়ে।

ক. শিশুর সামাজিকীকরণে আনুষ্ঠানিক মাধ্যম কোনটি? ১

খ. শিশুর সামাজিকীকরণে বিদ্যালয় ও সহপাঠীর প্রভাব গুরুত্বপূর্ণ কেন? ২

গ. গনি মিঞার ক্ষেত্রে সামাজিক পরিবর্তনের কোন উপাদানটি পরিলক্ষিত হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. নারীর ক্ষমতায়নে রিতার ক্ষেত্রে উদ্দীপকে প্রতিফলিত উপাদানটির ভূমিকা অপরিসীম — এর সপক্ষে যুক্তি দাও। ৪

http://teachingbd.com

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　বিষয় কোড: | ১ | ৫ | ০ |

১. বাংলাদেশের মুক্তিযুদ্ধ প্রকৃতপক্ষে কোন ধরনের যুদ্ধের ইঙ্গিত বহন করে?
ক অর্থনৈতিক　খ রাজনৈতিক
গ ধর্মীয়　ঘ সাংস্কৃতিক

২. কোনটিকে পূর্ব বাংলার জাতীয় মুক্তিরসনদ বলা হতো?
ক ছাত্রদের এগারো দফা
খ যুক্তফ্রন্টের ২১ দফা
গ শেখ মুজিবের ছয় দফা
ঘ ছাত্র সমাজের ১৫ দফা

৩. মুজিবনগর সরকারের কয়টি মন্ত্রণালয় বা বিভাগ ছিল?
ক ১০টি　খ ১১টি
গ ১২টি　ঘ ১৩টি

৪. 'তমদ্দুন মজলিশ' কোন ধরনের প্রতিষ্ঠান হিসেবে গড়ে উঠেছিল?
ক সাহিত্যিক প্রতিষ্ঠান
খ সাংস্কৃতিক প্রতিষ্ঠান
গ রাজনৈতিক প্রতিষ্ঠান
ঘ অর্থনৈতিক প্রতিষ্ঠান

৫. বাংলাদেশে স্বৈরাচারী শাসনের পতনের ফলে—
i. গণতন্ত্রের পুনঃযাত্রা শুরু হয়
ii. দেশে বিশৃঙ্খলা সৃষ্টি হয়
iii. আর্থ-সামাজিক উন্নয়ন হয়
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৬. রহিম সাহেবের পরিবারটি বহুপত্নিক পরিবার। এ পরিবারটি সাধারণত দেখা যায়—
i. গ্রামীণ মুসলিম সমাজে
ii. এস্কিমো উপজাতি সমাজে
iii. আফ্রিকার নিগ্রোদের সমাজে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

৭. মানুষের আচরণগত পারস্পরিক প্রভাবের প্রতিক্রিয়াকে কী বলে?
ক মূল্যবোধ　খ মিথস্ক্রিয়া
গ সংস্কৃতি　ঘ নৈতিকতা

৮. সূর্যে শতকরা কত ভাগ হিলিয়াম গ্যাস রয়েছে?
ক ৫৫ ভাগ　খ ৪৪ ভাগ
গ ৪৮ ভাগ　ঘ ৫৬ ভাগ

৯. এক ডিগ্রি দ্রাঘিমার পার্থক্যের জন্যে সময়ের পার্থক্য কত?
ক ১ মিনিট　খ ৪ মিনিট
গ ১ ঘণ্টা　ঘ ৪ ঘণ্টা

১০. লালমাই পাহাড় কোন জেলায় অবস্থিত?
ক কুমিল্লা　খ রাজশাহী
গ চট্টগ্রাম　ঘ নোয়াখালী

১১. বর্তমানে বাংলাদেশে মাথাপিছু জমির পরিমাণ কত?
ক ০.৩৩ একর　খ ০.২৮ একর
গ ০.২৫ একর　ঘ ০.২৩ একর

১২. বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের পাহাড়গুলো গঠিত—
i. শেল পাথর দ্বারা
ii. চুনাপাথর দ্বারা　iii. কর্দম দ্বারা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

**অনুচ্ছেদটি পড়ে ১৩–১৪ নং প্রশ্নের উত্তর দাও**

অফিসের জন্য প্রস্তুতি শেষ করে বের হতে যাবেন জায়েদা বেগম। হঠাৎ করেই কেঁপে উঠল সবকিছু। ভীত হয়ে ভাবতে লাগলেন, ড্রাইভার কিছুক্ষণ পূর্বে ছেলে আসিফকে স্কুলে পৌছানোর জন্যে বের হয়েছে।

১৩. জায়েদা বেগমের ড্রাইভারের তাৎক্ষণিক করণীয় কী?
ক গাড়ি ধীর গতিতে চালানো
খ গাড়ি থামিয়ে দেওয়া
গ বড় দালানের পাশে গাড়ি দাঁড় করানো
ঘ বড় গাছের পাশে নিরাপদে রাখা

১৪. জায়েদা বেগম ভীত না হয়ে—
i. মোবাইল ফোন হাতে নিবেন
ii. ঘরের কোণায় চলে যাবেন
iii. দ্রুত নিচে নেমে আসবেন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

১৫. জমির উর্বরা শক্তি বৃদ্ধিতে আমাদের নদীগুলো কী বহন করে আনে?
ক আবর্জনা　খ পলি
গ বর্জ্য　ঘ জৈব সার

১৬. বাংলাদেশের বন এলাকাকে মোটামুটি কয়টি ভাগে ভাগ করা যায়?
ক দুই　খ তিন
গ চার　ঘ পাঁচ

১৭. রাষ্ট্রের সবচেয়ে সুস্পষ্ট ও পূর্ণাঙ্গ সংজ্ঞা দিয়েছেন কে?
ক এরিস্টটল　খ ম্যাকাইভার
গ গার্নার　ঘ গেটেল

১৮. রাষ্ট্রের সামাজিক নিরাপত্তামূলক কাজ কোনটি?
ক পেনশন প্রদান
খ ন্যূনতম সঠিক মজুরি নির্ধারণ
গ কাজের পরিবেশ সৃষ্টি
ঘ প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ শ্রমিক তৈরি

Teachingbd.com

১৯. আইনের অনুশাসন হলো—
i. আইনের প্রাধান্য
ii. আইনের দৃষ্টিতে সকলের সাম্য
iii. রাষ্ট্রে শান্তি প্রতিষ্ঠা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২০. মার্কিন যুক্তরাষ্ট্রের আইনসভার নাম কী?
ⓚ পার্লামেন্ট ⓚ মজলিশ
ⓖ কংগ্রেস ⓖ জাতীয় সংসদ

২১. যেকোনো দণ্ড মওকুফ, স্থগিত বা হ্রাস করার ক্ষমতা রয়েছে কার?
ⓚ স্বরাষ্ট্রমন্ত্রীর ⓚ প্রধানমন্ত্রীর
ⓖ স্পিকারের ⓖ রাষ্ট্রপতির

২২. কোন শাসনব্যবস্থায় আইনের অনুশাসন প্রতিষ্ঠিত হয়?
ⓚ রাজতন্ত্র ⓚ গণতন্ত্র
ⓖ স্বৈরতন্ত্র ⓖ সমাজতন্ত্র

২৩. ব্যক্তি ও সরকারের মধ্যে যোগাযোগ স্থাপন করে কোনটি?
ⓚ ধর্মীয় দল ⓚ রাজনৈতিক দল
ⓖ শ্রমিক দল ⓖ বণিক দল

২৪. বর্তমানে বাংলাদেশের কত সৈন্য বিভিন্ন দেশে জাতিসংঘের অধীনে শান্তিরক্ষার কাজ করে যাচ্ছে?
ⓚ ১০,০০০ এর বেশি ⓚ ১০,৫০০ এর বেশি
ⓖ ১১,০০০ এর বেশি ⓖ ১২,০০০ এর বেশি

২৫. আফ্রিকা ও এশিয়ার দেশগুলোতে সশস্ত্র গেরিলা গোষ্ঠীর সামনে বাংলাদেশি সৈন্যরা—
i. অস্ত্র বিরতি পর্যবেক্ষণ করেছে
ii. শান্তিচুক্তি সম্পাদন করেছেন
iii. শান্তি প্রতিষ্ঠায় কাজ করেছে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৬. কোনো দ্রব্যের অভাব পূরণের ক্ষমতাকে কী বলে?
ⓚ উপযোগ ⓚ চাহিদা
ⓖ যোগান ⓖ উৎপাদন

২৭. উৎপাদনের ক্ষেত্রে উদ্যোক্তা কোনটি অর্জন করে থাকেন?
ⓚ মুনাফা ⓚ খাজনা
ⓖ সুদ ⓖ মজুরি

২৮. উৎপাদিত দ্রব্যসামগ্রী + দ্রব্যের আর্থিক মূল্য = ?
ⓚ মোট জাতীয় উৎপাদন ⓚ মূলধন
ⓖ মোট মুনাফা ⓖ মোট সুদ

২৯. GNP = ☐
ⓚ (GDP) + (X-M) ⓚ (GDP) + (X+M)
ⓖ (GDP) – (X+M) ⓖ (GDP) – (X-M)

৩০. সরকার দেশের বার্ষিক বাজেটে কয় ধরনের ব্যয়ের জন্যে অর্থ বরাদ্দ করে?
ⓚ ২ ধরনের ⓚ ৩ ধরনের
ⓖ ৪ ধরনের ⓖ ৫ ধরনের

৩১. সরকারের প্রতিনিধি হিসেবে কাজ করে কোন ব্যাংক?
ⓚ সকল সরকারি ব্যাংক ⓚ বাংলাদেশ ব্যাংক
ⓖ বাণিজ্যিক ব্যাংক ⓖ বিশেষায়িত ব্যাংক

৩২. সমাজ কাঠামো ও এর কার্যাবলির পরিবর্তনকে কী বলে?
ⓚ সামাজিক বিবর্তন ⓚ সামাজিক প্রগতি
ⓖ সামাজিক পরিবর্তন ⓖ সামাজিক স্থিতিশীলতা

৩৩. চতুর্থ বিশ্ব নারী সম্মেলন হয় কোথায়?
ⓚ সিউল ⓚ নিউইয়র্ক
ⓖ টোকিও ⓖ বেইজিং

৩৪. কোথায় নারী ও শিশু পাচারের পরিস্থিতি ভয়াবহ?
ⓚ আফ্রিকায় ⓚ ইউরোপে
ⓖ দক্ষিণ এশিয়ায় ⓖ আমেরিকায়

৩৫. রাষ্ট্রে বিদ্যমান আদর্শ, মূল্যবোধ, বিধিবিধান জঙ্গিরা মানতে চায় না কেন? (উচ্চতর দক্ষতা)
ⓚ রাষ্ট্রীয় বিধান অযৌক্তিক বলে
ⓚ শরীয়া আইন প্রতিষ্ঠার জন্য
ⓖ নিজেদের ধারণা সঠিক মনে করে সেজন্য
ⓖ সমাজ কর্তৃক স্বীকৃত নয় বলে

৩৬. সমাজ থেকে দুর্নীতি নির্মূল করা সম্ভব হবে কী করলে?
ⓚ গণমাধ্যম সক্রিয় হলে
ⓚ জবাবদিহিতা প্রতিষ্ঠিত হলে
ⓖ জনগণ সচেতন হলে
ⓖ দুর্নীতিবাজদের উপযুক্ত শাস্তি দিলে

চিত্রটি দেখো এবং ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও:




৩৭. উপরের ছবির আলোকে দুর্ঘটনার প্রধান কারণ কী?
ⓚ বেপরোয়া গতি ⓚ ওভারটেক করা
ⓖ ঝুঁকিপূর্ণ রাস্তা ⓖ তরুণ চালক

৩৮. এ ধরনের দুর্ঘটনার প্রভাব হলো—
i. কোনো কোনো পরিবার আর্থিক ক্ষতিতে পতিত হয়
ii. কারো কারো অফিসে যেতে দেরি হয়
iii. কেউ কেউ ভিক্ষাবৃত্তিও বেছে নেয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৯. কোন দেশে সড়ক দুর্ঘটনার পরিস্থিতি ভয়াবহ?
ⓚ ভারতে ⓚ পাকিস্তানে
ⓖ বাংলাদেশে ⓖ ব্রাজিলে

৪০. সাম্প্রতিক সময়ে বাংলাদেশের অন্যতম সামাজিক সমস্যা কী?
ⓚ স্ত্রী প্রহার ⓚ যৌন হয়রানি
ⓖ শিশুশ্রম ⓖ কিশোর অপরাধ

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ⓚ | ২ | ⓖ | ৩ | ⓖ | ৪ | ⓚ | ৫ | ⓚ | ৬ | ⓖ | ৭ | ⓚ | ৮ | ⓚ | ৯ | ⓚ | ১০ | ⓚ | ১১ | ⓖ | ১২ | ⓚ | ১৩ | ⓚ | ১৪ | ⓖ | ১৫ | ⓚ | ১৬ | ⓖ | ১৭ | ⓖ | ১৮ | ⓚ | ১৯ | ⓚ | ২০ | ⓖ |
| | ২১ | ⓖ | ২২ | ⓚ | ২৩ | ⓚ | ২৪ | ⓖ | ২৫ | ⓖ | ২৬ | ⓚ | ২৭ | ⓚ | ২৮ | ⓚ | ২৯ | ⓚ | ৩০ | ⓚ | ৩১ | ⓚ | ৩২ | ⓖ | ৩৩ | ⓖ | ৩৪ | ⓖ | ৩৫ | ⓖ | ৩৬ | ⓚ | ৩৭ | ⓚ | ৩৮ | ⓖ | ৩৯ | ⓖ | ৪০ | ⓚ |

http://teachingbd.com